

স্মারক নং:	২৬/১৭২০
তারিখ:	২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রধান প্রকৌশলীর কার্যালয়
 গণপূর্ত অধিদপ্তর
 হিসাব শাখা-১
 পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.১৭০.২১.৫৯৭

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৮

১৩ অক্টোবর ২০২১

বিষয়: গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "চট্টগ্রাম মুসলিম ইন্সটিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন" শীর্ষক প্রকল্পের নির্মাণ কাজের ব্যয় নির্বাহের জন্য অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত কাজের জন্য চলতি ২০২১-২০২২ আর্থিক সালে খরচ করার জন্য ৮৪৭.৫০ লক্ষ (আট কোটি সাতচল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র বরাদ্দ করা হলো।

উক্ত খরচ উপপ্রকল্প পরিচালক, "চট্টগ্রাম মুসলিম ইন্সটিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন" শীর্ষক প্রকল্প, প্রকল্প পরিচালকের কার্যালয়, চট্টগ্রাম এর স্মারক নং-১৭৩ তারিখ-২৭/০৯/২০২১খ্রিঃ কর্তৃক মঞ্জুরীকৃত ৮৪৭.৫০ লক্ষ টাকা হিসাবের কোড নং-৪১১১২০১- অনাবাসিক ভবন খাতের ২০২১-২০২২ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে বহন/সংকুলান করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করে অত্র দপ্তরকে অবহিত করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবেঃ

শর্তঃ ১। প্রত্যাশী সংস্থার সাথে যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।

২। বরাদ্দকৃত অর্থ চলতি অর্থ বছরে খরচ করতে হবে এবং খরচের হিসাব অত্র দপ্তর/ প্রত্যাশী সংস্থার নিকট প্রেরণ করতে হবে।

৩। বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে ভবিষ্যতে কোন প্রকার অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।

৪। এই অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান অনুসরণ পূর্বক খরচ করতে হবে।

৫। অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে অত্র দপ্তরে সমর্পণ করতে হবে।

৬। পৃষ্ঠাংকনপত্র প্রাপ্তি স্বাপেক্ষে বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে।

১৩-১০-২০২১

মোঃ শহিদুল আলম

তত্ত্বাবধায়ক প্রকৌশলী

ফোন: ০২-৯৫৬৮৯১৪

ফ্যাক্স: ০২-৯৫৫৪৬২৪

ইমেইল: se_coord@pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলী

চট্টগ্রাম গণপূর্ত বিভাগ-১, চট্টগ্রাম

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.১৭০.২১.৫৯৭/১(১৩)

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৮

১৩ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/ (পওবিপ্র), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম গণপূর্ত জোন, চট্টগ্রাম।
- ৪) মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (মওঅ)/ (পেকু), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম গণপূর্ত সার্কেল-১, চট্টগ্রাম।
- ৭) উপপ্রকল্প পরিচালক, "চট্টগ্রাম মুসলিম ইনস্টিটিউট সাংস্কৃতিক কমপ্লেক্স স্থাপন" শীর্ষক প্রকল্প, প্রকল্প পরিচালকের কার্যালয়, চট্টগ্রাম।
- ৮) প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নিঃপ্রঃ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৯) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত এম.আই.এস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১০) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
- ১১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২তলা, সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১২) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৩) গার্ড ফাইল, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।



১৩-১০-২০২১

মোঃ শহিদুল আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী